

# অস্ট্রেলিয়ার মফস্বল শহরে বাংলাদেশ রজনী ও বন্যা ত্রাণ তহবিল

প্রিয় দেশের জন্য আমরা পৃথিবীর যে কোন প্রান্ত থেকেই সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পারি। সিডনী থেকে ২৫০ কিমি পশ্চিমে অরেঞ্জ। ছোট্ট একটি শহর। একমাত্র বাংলাদেশী জিয়াউল হক বাবলু এবং তার পরিবার। স্থানীয় মাল্টিকালচারাল গ্রুপের মাধ্যমে গত ২৫শে আগস্ট তিনি সেখানে আয়োজন করেছিলেন এক মনোজ্ঞ বাংলাদেশ রজনী। বন্যার্তদেও জন্য সংগ্রহ করেছেন ত্রাণ তহবিল। উল্লেখ্য জনাব হক গত চার বছর যাবত উক্ত গ্রুপের সভাপতি।

নৈশভোজ চলাকালে হাইকমিশন থেকে পাঠানো পর্যটন বিষয়ক একটি ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের শুরুতে জনাব হক বাংলাদেশের সাম্প্রতিক বন্যার উপর ছবিসহ একটি তথ্যবহুল প্রতিবেদন উপস্থাপন করেন। তারপর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

জিয়াউল হক বাবলু জানান, এই অনুষ্ঠানের ব্যাপারে সিডনির বাংলাদেশ অস্ট্রেলিয়া-ডিজাস্টার রিলিফ কমিটি এবং কেনবেরাস্থ বাংলাদেশ হাইকমিশন তাকে আন্তরিক সহযোগিতা প্রদান করেছে। সহযোগিতার ডালী নিয়ে অরেঞ্জে ছুটে এসেছিলেন ৬০ থেকে ২০০ কিমি দূরবর্তী মফস্বল শহরের কয়েকটি বাংলাদেশী পরিবার।

স্থানীয় অস্ট্রেলিয়ান এবং মাল্টিকালচারাল দর্শকরা সকলেই এ অনুষ্ঠান প্রাণভরে উপভোগ করেছেন।